

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত অংশীজনের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ	:	১৩ অক্টোবর, ২০২০
সময়	:	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	:	অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন), জনাব মোঃ আবু জুবাইর হোসেন বাবলু আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় ইতোমধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা মনোনয়ন করা হয়েছে। দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর/কোম্পানিসমূহের ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা'কে যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করণের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি সভাকে অবহিত করেন, যে কোন অভিযোগকারী যেন দ্রুততম সময়ের মধ্যে সেবা পায় সে বিষয়টি বিবেচনায় রেখে জ্বালানি সংক্রান্ত যে কোন অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে স্বল্পসময়ে, যথাযথভাবে অভিযোগ নিষ্পত্তিকরণের জন্য দিক-নির্দেশনা দেয়া হয়েছে। অতএব এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/অধিদপ্তর/পরিদপ্তর/কোম্পানিসমূহ মন্ত্রিপরিষদের দিক-নির্দেশনা যথাযথভাবে পালন করবে। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন এ বিভাগের ন্যায় আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিও তাদের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহকে নিয়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজন করতে হবে। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয় সংশ্লিষ্ট সকল'কে তাদের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে নিয়ে অংশীজনের সভা আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

উপসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ বিভাগের ২০২০-২১ অর্থ বছরের যে এপিএ চুক্তি সম্পাদিত হয়েছে তাতে জিআরএস এবং এনআইএস সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা করার কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। সে অনুসারে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ অংশীজনের সভা করবে এবং এর কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করতে হবে।


০২। উল্লেখিত আলোচনার পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় দপ্তর/সংস্থা'কে তাদের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে নিয়ে অংশীজনের সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় আরও বলেন জ্বালানি সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা আমাদের নৈতিক দায়িত্বের মধ্যে পরে। তারপরও যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগ হতে দ্রুত অভিযোগ নিষ্পত্তি করণের নির্দেশনা রয়েছে এবং প্রতিটি প্রতিষ্ঠানেই ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা রয়েছে। সেহেতু যে কোন অভিযোগ দ্রুততার সাথে যথাযথভাবে নিষ্পত্তি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৯

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত এপিএ ও এনআইএস এর কার্যক্রমের অংশ হিসেবে প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজন করবে।
- খ) জ্বালানি সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা সচেষ্ট থাকতে হবে।
- গ) এ বিভাগের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ আজিজুল ইসলাম)

অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ